(Bengali)

বাফেলো পাবলিক স্কুলস

ফেডারেল অর্থায়নের প্রোগ্রামগুলির জন্য জরিপ

মূল্যবান অংশীজন হিসাবে, আমরা আপনাকে 2022-2023 স্কুল বর্ষের জন্য ফেডারেল অর্থায়নের উদ্যোগের বাজেটিং এবং প্রোগ্রামিং সম্পর্কে অবহিত করার লক্ষ্যে একটি 10-প্রশ্নের জরিপের উত্তর দেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

বাফেলো পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট একাধিক ফেডারেল প্রোগ্রাম অনুদান থেকে তহবিল গ্রহণ করে। এই জরিপ নিম্নের বিষয়গুলোর উপর দৃষ্টি নিবদ্ধ করবে:

- **টাইটেল I** – আমাদের সবচেয়ে চাহিদাসম্পন্ন শিক্ষার্থী এবং পরিবারকে সহায়তা করা
- **টাইটেল IIA**- উচ্চ যোগ্যতাসম্পন্ন শিক্ষক ও প্রশাসকদের সহায়তা, এবং পেশাদারী উন্নয়ন
- **টাইটেল III** - ইংরেজি ভাষা শিক্ষার্থী এবং অভিবাসী শিক্ষার্থীদের সহায়তা করা
- **টাইটেল IV** - শিক্ষার্থী সহায়তা এবং একাডেমিক সমৃদ্ধি

জরিপটি আলাদাভাবে নিম্নলিখিত বিষয়গুলির উপর দৃষ্টি নিবদ্ধ করবে:

- শিক্ষামূলক উদ্যোগ
- প্রযুক্তিতে শিক্ষার্থীর প্রবেশাধিকার
- শিক্ষার্থীদের সামাজিক/মানসিক সহায়তা
- আমাদের সবচেয়ে চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের সহায়তা করা
- অভিবাসী শিক্ষার্থী এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের সহায়তা করা
- পিতা-মাতা ও পরিবারকে সহায়তা করা
- পেশাগত উন্নয়ন উদ্যোগ

1. কোন অংশীজন গ্রুপ (গুলি) আপনাকে সর্বোত্তমভাবে বর্ণনা করে? (প্রযোজ্য সবগুলো নির্বাচন করুন)

- ○ বাফেলো শহরের বাসিন্দা
- ○ বাফেলো পাবলিক স্কুলের শিক্ষার্থী
- ○ বাফেলো পাবলিক স্কুল সাপোর্ট স্টাফ (প্রাক্তন পিসিটিইএ সদস্য)
- ○ বাফেলো পাবলিক স্কুল শিক্ষক / গাইডেন্স কাউন্সেলর / সমাজকর্মী, ইত্যাদি (প্রাক্তন বিটিএফ সদস্য)
- ○ বাফেলো পাবলিক স্কুলের শিক্ষক সহকারী/সহকারী (প্রাক্তন বেস্ট সদস্য)
- ○ বাফেলো বোর্ড অফ এডুকেশন সদস্য (প্রাক্তন স্কুল বোর্ড সভাপতি)
- ○ বাফেলো পাবলিক স্কুল প্রশাসক (প্রাক্তন বিসিএসএ সদস্য)
- ○ কমিউনিটি ভিত্তিক সংগঠনের সদস্য/প্রতিনিধি
- ○ এমন একটি বাড়ির সদস্য যা ইংরেজি ব্যতীত অন্য ভাষায় কথা বলে
- ○ একটি টাইটেল I বাফেলো পাবলিক স্কুলে (প্রাক্তন) উপস্থিত এমন একজন শিক্ষার্থীর পিতামাতা / অভিভাবক। 50, 64, বা 195 *ব্যতীত* যে কোনও স্কুল)
- ○ এমন একজন শিক্ষার্থীর পিতা-মাতা /অভিভাবক যে একটি নন-টাইটেল ওয়ান বাফেলো পাবলিক স্কুলে পড়াশোনা করে (যেমন, স্কুল 50, 64, 195)
- ○ উচ্চশিক্ষার প্রতিনিধি (যেমন, বাফেলো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক/গবেষক)
- ○ উদ্বিগ্ন নাগরিক
- ○ অন্যান্য (অনুগ্রহ করে বর্ণনা করুন) ________

নীচে 2022-2023 স্কুল বছরের জন্য কিছু সম্ভাব্য টাইটেল I / টাইটেল IIA / টাইটেল III / টাইটেল IV ডিস্ট্রিক্ট উদ্যোগ রয়েছে। অনুগ্রহ করে নির্দেশ করুন যে নিম্নলিখিত সম্ভাব্য উদ্যোগগুলির মধ্যে কোনটি আপনি সমর্থন করেন। অনুগ্রহ করে প্রযোজ্য সবগুলো নির্বাচন করুন।

2. শিক্ষানির্দেশনামূলক উদ্যোগ: *(সম্ভাব্য তহবিল উৎসগুলির মধ্যে রয়েছে টাইটেল I, টাইটেল IIA, টাইটেল III এবং টাইটেল IV)*

- ○ দুর্বল শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত পঠন এবং গণিতে সহায়তা প্রোগ্রাম ক্রয়।
- ○ পঠন এবং গণিতে শিক্ষার্থীদের সাথে সরাসরি কাজ করার জন্য শিক্ষক সহায়তা।
- ○ দুর্বল শিক্ষার্থীদের জন্য শ্রেণীকক্ষের বাইরে অতিরিক্ত শেখার সুযোগ প্রদান (যেমন, গ্রীষ্মকালীন প্রোগ্রাম, স্কুল ছুটির পর প্রোগ্রাম, শনিবারের প্রোগ্রাম)।

- ত্বরান্বিত প্রোগ্রাম এবং অ্যাডভান্সড প্লেসমেন্ট (এপি) কোর্স অফারের সংখ্যা বৃদ্ধি করা, এবং এপি কোর্সে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের অ্যাক্সেস প্রসারিত করার উদ্যোগ।
- মিডল এবং হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য পারফর্মিং আর্টস-এ (যেমন নাটক, বাদ্যযন্ত্র) অংশগ্রহণের জন্য সম্প্রতি প্রসারিত সুযোগগুলি অব্যাহত রাখা।
- শিক্ষার্থীদের জন্য যন্ত্রসংগীতে অংশগ্রহণের সুযোগ সম্প্রসারিত করা।
- সাংস্কৃতিক ও ভাষাগতভাবে উপযোগী শিক্ষানির্দেশনা (CLRI) সহায়তা উন্নত করা।
- উপরের কোনটিই নয়
- অন্যান্য ________________________________

3. <u>প্রযুক্তিতে শিক্ষার্থীদের অ্যাক্সেস</u>: *(সম্ভাব্য তহবিল উৎসগুলির মধ্যে টাইটেল I, টাইটেল IIA এবং টাইটেল IV অন্তর্ভুক্ত রয়েছে)*

- অতিরিক্ত সফ্টওয়্যার এবং ওয়েব-ভিত্তিক শিক্ষামূলক অ্যাপ্লিকেশনগুলি কেনা।
- ভার্চুয়াল ক্লাসরুম প্রযুক্তিতে নতুন শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান
- নতুন ভার্চুয়াল লার্নিং প্ল্যাটফর্মগুলির সাথে শিক্ষকদের সহায়তা করার জন্য অতিরিক্ত নির্দেশনামূলক প্রযুক্তি কোচ নিয়োগ করা।
- উপরের কোনটিই নয়
- অন্যান্য ____

4. <u>শিক্ষার্থীদের সামাজিক/মানসিক সহায়তা</u>: *(সম্ভাব্য তহবিল উৎস উৎস-এর অন্তর্ভুক্ত টাইটেল I, টাইটেল IIA এবং টাইটেল IV)*

- সামাজিক / মানসিক দুর্দশার সম্মুখীন শিক্ষার্থীদের এবং যারা মানসিক স্বাস্থ্যের সাথে লড়াই করছে তাদের আরও ভালভাবে সনাক্ত করার জন্য স্কুল কর্মীদের প্রশিক্ষণ প্রদান, যাতে তারা শিক্ষার্থীদের কাউন্সেলর পরামর্শদাতা /সমাজ কর্মীর কাছে পাঠাতে পারে।
- সামাজিক মানসিক এবং সুস্থতার দক্ষতায় প্রশিক্ষণ এবং চলমান সহায়তা প্রদান।
- গৃহহীন, স্কুল থেকে বরখাস্ত এবং / অথবা যারা গর্ভবতী এবং / অথবা প্যারেন্টিং এবং তাদের সন্তানদের জন্য সহায়তা প্রদান।
- শিক্ষার্থী এবং পরিবারকে আত্মহত্যা এবং পদার্থের অপব্যবহার প্রতিরোধ সংক্রান্ত রিসোর্স সরবরাহ ।
- বুলিইং প্রতিরোধ প্রোগ্রাম, প্রশিক্ষণ, এবং বুলিইং (সাইবার বুলিইং সহ) রিপোর্ট করার উন্নত পদ্ধতির ব্যবস্থা।
- ইতিবাচক আচরণ, সামাজিক মানসিক সুস্থতার কৌশল এবং শিক্ষার্থীদের উপস্থিতির জন্য সহায়তার স্তরযুক্ত সিস্টেমকে উন্নীত করার জন্য স্কুল ভবনগুলির জন্য কোচিং সহায়তা।
- উপরের কোনটিই নয়
- অন্যান্য _____________________________

5. <u>আমাদের সবচেয়ে অধিক চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের সহায়তা</u> করা: *(সম্ভাব্য তহবিল উৎস টাইটেল I এবং টাইটেল IV)*

- যে সকল কর্মচারী গৃহহীন আশ্রয়কেন্দ্রগুলিতে যাওয়া আসা করে, এবং বাবা-মাকে উপলব্ধ সহায়তা পরিষেবাগুলি সম্পর্কে তথ্য সরবরাহ করে, তাদেরকে ধরে রাখা ।
- স্বাস্থ্য এবং সুস্থতা সম্পর্কিত বিষয়গুলিতে শিক্ষার্থী এবং পিতামাতাকে শিক্ষিত করা সহ স্বাস্থ্য সুবিধায় আরও ভাল অ্যাক্সেসের প্রয়োজন এমন শিক্ষার্থী এবং পরিবারের জন্য রিসোর্স সরবরাহ করা।
- গৃহহীন শিশুদের জন্য স্কুল সামগ্রী এবং ইউনিফর্ম ক্রয়।
- কারাবন্দী শিক্ষার্থীদের সহায়তা করা যাতে তারা তাদের হাই স্কুল শিক্ষা চালিয়ে যেতে পারে এবং মুক্তির পরে কলেজের জন্য প্রস্তুত হতে পারে।
- উপরের কোনটিই নয়
- অন্যান্য _____________________________

6. <u>অভিবাসী শিক্ষার্থী এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের সহায়তা করা</u>: *(সম্ভাব্য তহবিল উৎস-এর অন্তর্ভুক্ত টাইটেল I, টাইটেল IIA এবং টাইটেল III)*

- ○ যাদের জন্য ইংরেজি একটি নতুন ভাষা সেই সকল শিক্ষার্থী এবং পরিবারের অনন্য চাহিদা মোকাবেলার জন্য বিশেষ উপকরণ, প্রোগ্রামিং সহায়তা প্রদান।
- ○ দ্বিভাষিক শিক্ষার্থী এবং পরিবারের অনন্য চাহিদাগুলি সম্বোধন করার জন্য বিশেষ উপকরণ, প্রোগ্রামিং এবং সহায়তা প্রদান।
- ○ শিক্ষক, প্রশাসক, শিক্ষক সহকারী এবং সহকারীদের জন্য ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চাহিদাপূরণে সহায়তা করার জন্য প্রশিক্ষণ প্রদান।
- ○ অনুবাদ সরঞ্জাম এবং উপকরণ সরবরাহ (যেমন, অনুবাদ হেডসেট / সফ্টওয়্যার যা দিয়ে স্কুল কর্মী এবং পরিবারের মধ্যে আরও ভালভাবে যোগাযোগ করা যায়, স্থানীয় ভাষায় মুদ্রিত উপকরণ, প্রতিটি নতুন আগত শিক্ষার্থীর জন্য একটি থিসোরাস, ইত্যাদি)
- ○ উপরের কোনটিই নয়
- ○ অন্যান্য ____________________________

7. <u>বাবা-মা ও পরিবারকে সহায়তা</u> করা: *(সম্ভাব্য তহবিল উৎস টাইটেল I)*

- ○ বাবা-মাকে তাদের সন্তানদের জীবন ও শিক্ষার সাথে যুক্ত করার জন্য স্কুল পর্যায়ে সুযোগ বৃদ্ধি করা।
- ○ প্রতিটি স্কুলে পিতামাতাদের জন্য রিসোর্স রাখা এবং ইভেন্ট চালিয়ে যাওয়া।
- ○ টাইটেল ওয়ান স্কুলগুলিতে পিতামাতাদের সংশ্লিষ্টতার লিয়াজোঁ প্রোগ্রাম বজায় রাখা।
- ○ উপরের কোনটিই নয়
- ○ অন্যান্য ____

৪. <u>পেশাগত উন্নয়ন উদ্যোগ</u>: *(সম্ভাব্য তহবিল উৎসগুলির মধ্যে রয়েছে টাইটেল I, টাইটেল IIA, টাইটেল III এবং টাইটেল IV)*

- ○ নেক্সট জেনারেশন এবং অন্যান্য NYSED লার্নিং স্ট্যান্ডার্ডগুলিতে কর্মীদের প্রশিক্ষণ (যেমন গণিত, ইংরেজি, বিজ্ঞান, সমাজ বিদ্যা, ইত্যাদি)।
- ○ ভার্চুয়াল লার্নিং কৌশল এবং অনলাইন লার্নিং প্রোগ্রামগুলিতে কর্মীদের প্রশিক্ষণ (যেমন, স্কুলজি)।
- ○ নতুন / নবীন শিক্ষক এবং স্কুল প্রশাসকদের জন্য মেন্টরিং প্রোগ্রাম প্রদান।
- ○ শিক্ষকদের জন্য জব-এমবেডেড সাক্ষরতা এবং নির্দেশনামূলক কোচিং এবং সহায়তা প্রদান।
- ○ সাক্ষরতা এবং গণিতের উপর দৃষ্টি নিবদ্ধ করে পেশাদার উন্নয়নের ব্যবস্থা করা।
- ○ শিক্ষার্থীদের শেখার সহায়তা করার জন্য শিক্ষানির্দেশনার কৌশলগুলির বিষয়ে শিক্ষকদের জন্য পেশাদার উন্নয়নের আয়োজন।
- ○ নতুন ভাষা হিসাবে ইংরেজি (ইএনএল) এবং বিশেষ শিক্ষার শিক্ষকদের জন্য পেশাদারী উন্নয়নের আয়োজন।
- ○ প্রশাসকদের জন্য পেশাদারী উন্নয়নের আয়োজন।
- ○ ইতিবাচক স্কুল এবং শ্রেণীকক্ষের পরিবেশ সৃষ্টির জন্য কৌশলগুলির উপর শিক্ষক এবং প্রশাসকদের প্রশিক্ষণ (যেমন, সাময়িক বরখাস্তের বিকল্প, রেস্টোরেটিভ রীতি, সাংস্কৃতিক ও ভাষাগতভাবে উপযোগী শিক্ষাদান, সক্রিয় শ্রেণীকক্ষ পরিচালনার কৌশল, সামাজিক মানসিক শিক্ষণ, অন্তর্নিহিত পক্ষপাতহীনতা, ট্রমা বিষয়ক যত্ন, ইত্যাদি)
- ○ শিক্ষার্থীদের চাহিদার উপর ভিত্তি করে শিক্ষানির্দেশনাকে স্বতন্ত্র করার জন্য, মূল্যায়নের তথ্য ব্যবহারের উপর শিক্ষকদের প্রশিক্ষণ এবং সহায়তা প্রদান।
- ○ উপরের কোনটিই নয়
- ○ অন্যান্য ____________________________

9. জরিপে তালিকাভুক্ত নয় ডিস্ট্রিক্টের এমন উদ্যোগগুলিকে আপনি যদি সমর্থন করেন, তাহলে অনুগ্রহ করে এখানে আপনার ধারণা উপস্থাপন করুন ________।

10. পাবলিক সভায় ফেডারেল তহবিলের ডিস্ট্রিক্ট কনসলিডেটেড অ্যাপ্লিকেশনে প্রস্তুত করার জন্য অতিরিক্ত অংশীজন মতামত এবং অংশগ্রহণ সম্ভব করার লক্ষ্যে জুলাই এবং আগস্টের জন্য, ব্যক্তিগত উপস্থিতির পরিবর্তে, একটি অনলাইন মিটিং সিরিজ নির্ধারিত হয়েছে। সভার তথ্য জেলার ওয়েবসাইট www.buffaloschools.org এবং বিপিএস প্যারেন্ট সেন্টারের ফেসবুক পৃষ্ঠার মাধ্যমে পাওয়া যাবে। যারা সাইন আপ করেছেন তাদের কাছে ইমেল এবং টেক্সট সতর্কতাও পাঠানো হবে।

2022-2023 ফেডারেল শিক্ষা তহবিলের জন্য কনসলিডেটেড অ্যাপ্লিকেশন মিটিং সিরিজ

মঙ্গলবার, 12 জুলাই বিকাল 5:30 – টাইটেল I এবং টাইটেল IIA

- আমরা আমাদের খসড়া পরিকল্পনাগুলি জানাব এবং এই ক্ষেত্রগুলির জন্য বাজেট প্রস্তুতে আপনার মতামত জানতে চাইব:
  - সম্পূরক শিক্ষাগত সহায়তা (যেমন, পড়া / গণিত হস্তক্ষেপ)
  - পিতামাতার সংশ্লিষ্টতা
  - পেশাগত উন্নয়ন

মঙ্গলবার, 19 জুলাই বিকাল 5:30 – টাইটেল III & টাইটেল IV

- আমরা আমাদের খসড়া পরিকল্পনাগুলি জানাব এবং এই ক্ষেত্রগুলির জন্য বাজেট প্রস্তুতে আপনার মতামত জানতে চাইব:
  - বহুভাষিক শিক্ষা
  - একাডেমিক সমৃদ্ধি
  - অ্যাডভান্সড প্লেসমেন্ট
  - ভিজুয়াল এবং পারফরমিং আর্টস
  - সামাজিক ও মানসিক সমর্থন
  - শিক্ষামূলক প্রযুক্তি

মঙ্গলবার, 23 আগস্ট বিকাল 5:30 - ফেডারেল প্রোগ্রাম বাজেট

- জুলাইয়ের সভাগুলি থেকে আপনার মতামত ব্যবহার করে, আমরা এই বাজেটগুলি পর্যালোচনা করব:
  - টাইটেল I
  - টাইটেল IIA
  - টাইটেল III
  - টাইটেল IV

অনুগ্রহ করে নিম্নলিখিতগুলির মধ্যে একটি নির্বাচন করুন :

○ আমি খুব আগ্রহী, এবং আমি কমপক্ষে একটি অনলাইন সভায় অংশ নেওয়ার পরিকল্পনা করছি।

○ আমি খুব আগ্রহী, কিন্তু ওয়েবিনার দেখার জন্য প্রয়োজনীয় প্রযুক্তি আমার কাছে নেই।

○ আমি খুব আগ্রহী, কিন্তু অংশগ্রহণের জন্য আমার একজন অনুবাদক প্রয়োজন। (নীচের "অন্য" স্থানের ভাষা উল্লেখ করুন)

○ আমি ওয়েবিনার দেখতে আগ্রহী নই তবে অফার করার জন্য আপনাকে ধন্যবাদ।

○ অন্যান্য ____